বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
**Website: www.blcollege.edu.bd**

মুজিব শতবর্ষ
ফোন: +৮৮০২৪৭৭৭০২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com
facebook page: govt.blc.official

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

**১। ভর্তির প্রাথমিক আবেদন ফরম অনলাইন হতে গ্রহণঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ**
**www.nu.ac.bd/admissions এ ১৬.০৩.২০২৩ থেকে ২৭.০৩.২০২৩ তারিখ রাত ১১ঃ৫৯ টা পর্যন্ত।**

**২। অনলাইনে পূরণকৃত ভর্তির প্রাথমিক আবেদন ফরম পেমেন্ট স্লিপসহ কলেজে (প্রশাসনিক ভবনের শিক্ষক মিলনায়তন কক্ষের পূর্ব পাশে) জমাদানের তারিখ ও সময়ঃ ১৯.০৩.২০২৩ হতে ২৮.০৩.২০২৩ তারিখ (ব্যাংক সময় পর্যন্ত)**

৩। প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- টাকা "Sonali eSheba" মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে অথবা https://sbl.com.bd:7070/ লিংকে প্রবেশ করে "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে।

## ৪। মাস্টার্স ১ম পর্বে ভর্তির আবেদনের যোগ্যতাঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ হতে ২০২০ পর্যন্ত তিন বছর মেয়াদি স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারী প্রিলিমিনারি টু মাস্টার্স নিয়মিত প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স নিয়মিত প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারি টু মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/ প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/ অধ্যয়নরত/ অন্য কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ ছবি অসত্য, ভুল বা অসম্পন্ন বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ চূড়ান্ত ভর্তি করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাস (প্রাইভেট)/ সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। তবে তারা প্রিলিমিনারি টু মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামের ভর্তির যোগ্যতার শর্তপূরণ সাপেক্ষে আবেদন করার সুযোগ পাবে।

## ৫। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফলঃ

ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের স্নাতক (পাস) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রনয়ণ করে বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) একই কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে ১ম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে ২য় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপ (প্রয়োজনে একাধিকবার) এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

**৬। প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলীঃ**

ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েব সাইট www.nu.edu.bd/admissions এ গিয়ে Apply Now (Masters Preliminary) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পাস ডিগ্রী প্রাপ্ত পরীক্ষার রোল নম্বর, **কলেজের নাম**, পাসের সন, পঠিত বিষয়, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি করতে হবে।

খ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম সিলেক্ট করলে সংশ্লিষ্ট কলেজের শিক্ষার্থী ভর্তি যোগ্য বিষয়ের তালিকা আসন সংখ্যা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে শিক্ষার্থী সতর্কতার সংগে তার প্রার্থীত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে।

গ) প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ফরম পূরণ করতে পারবেন এবং পূরণকৃত ফরম 80 Gram Offset Legal Size Paper এ প্রিন্ট করতে হবে। আবেদন পত্র দাখিলের সময় পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ **120x150 pixels, Image Type: JPG, Maximum file size 50 KB**।

ঘ) ওয়েব সাইট প্রিন্টকৃত আবেদন ফরমে স্বাক্ষর করে স্নাতক পাস/ স্নাতক সম্মান পরীক্ষার নম্বরপত্রের অনলাইন কপি ও প্রশংসাপত্র আবেদন ফরমের সংগে জমা দিতে হবে।

ঙ) ওয়েব সাইট থেকে প্রিন্টকৃত আবেদন ফরমের উপরে যোগাযোগের জন্য ব্যক্তিগত মোবাইল নম্বর লিখতে হবে।

**৭। ক্লাস শুরুঃ ০২ মে ২০২৩ খ্রি. মঙ্গলবার (স্ব স্ব বিভাগে)**

**৮। ভর্তির বিষয়সমূহঃ**

**এম এ** # বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা
**এম এস এস** # রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান
**এম বি এস** # হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা
**এম এস সি** # পদার্থ, রসায়ন, উদ্ভিদ, প্রাণি, গণিত

**৯। ২০২০-২০২১ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের নতুন সিলেবাস অনুযায়ী পাঠদান ও পরীক্ষা গ্রহণ করা হবে।**

**ভর্তির বিজ্ঞপ্তি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd পাওয়া যাবে।**

14.3.2023
(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
14.3.23